দৈনিক বাংলা

তারিখ 13-NOV 1990
পৃষ্ঠা ১ কলাম ৩

# ১৫ই নবেম্বর ঢাকা ভার্সিটি খুলবে ঃ সিণ্ডিকেটের সিদ্ধান্ত

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

আগামী ১৫ই নবেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় খুলছে। এদিন থেকে বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম আবার নিয়মিতভাবে শুরু হবে। ১৪ই নবেম্বর আবাসিক হলগুলি ছাত্র-ছাত্রীদের জন্য খুলে দেয়া হবে।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে এই সভায় বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। শিক্ষক সমিতির উদ্যোগে ১১ই নবেম্বরর বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, কালো ব্যাজ ধারণ করে শিক্ষক ও

(৪-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

**১৫ই নবেম্বর** (প্রথম পৃঃ পর)

ছাত্রদের ক্লাশে যোগদান বিষয়েও আলোচনা হয়।

ভাইস চ্যান্সেলর সিন্ডিকেট সদস্যদের জানান, ছাত্ররা তাঁকে আশ্বাস দিয়েছে যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে যাতে চলতে পারে সেজন্য ছাত্ররা প্রশাসনের সঙ্গে সহযোগিতা করবে। বিশ্ববিদ্যালয়ে ক্লাশ চলাকালে করিডোরে যাতে কোন মিছিল না হয় এবং ক্যাম্পাসে কোন গাড়ি ভাঙচুর বা অগ্নিসংযোগ করা না হয় সেদিকেও ছাত্ররা সতর্ক থাকবে বলে জানিয়েছে। অস্ত্রধারী এবং বহিরাগতরা যাতে হলে প্রবেশ করতে না পারে সে ব্যাপারেও ছাত্ররা প্রশাসনের সঙ্গে সহযোগিতা করবে।

সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করে সিন্ডিকেটের সভায় ১৫ই নবেম্বর বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের সব অফিস আজ থেকেই খুলবে।